গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০১.০৮.০০৭১.২৪.১৩২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

**বিষয়: কারণ দর্শানো নোটিশ**

আপনি জনাব মোঃ জাকির হোসেন উপপরিচালক (চঃদাঃ) উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল কর্মরত আছেন। আপনি একজন ষষ্ঠ গ্রেডের কর্মকর্তা। রাষ্ট্রীয় কোষাগার থেকে প্রতিমাসে মূলবেতনের ৩৫% হারে বাড়ি ভাড়া বাবদ ২০ হাজার ২৫৪ টাকা উত্তোলন করলেও অফিস কক্ষেই আবাসন তৈরী করে বসবাস করছেন মর্মে বাংলা নিউজ পত্রিকায় প্রকাশ হয়েছে (কপি সংযুক্ত)।

পত্রিকায় উল্লেখ আছে যে, টাঙ্গাইল জেলার উপপরিচালক (চঃদাঃ) জনাব মোঃ জাকির হোসেন ২০২৪ সালের ১৭ এপ্রিল থেকে দায়িত্ব পালন করে আসছেন। যোগদানের পর হতে অফিস কক্ষেই বসবাস শুরু করেন এবং অফিস কক্ষে প্রবেশ করতেই বিছানাপত্র চোখে পড়ে। মাঝে মাঝে আপনার স্ত্রী আসেন এবং তিনিও অফিসেই থাকেন। অফিস কক্ষে বসবাস করাটা যে সরকারি বিধি অনুযায়ী অনিয়ম, সেটিও আপনি স্বীকার করেছেন।

আপনার এ ধরণের বিধি বহির্ভূত আচরণের বিষয়ে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না তা আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর লিখিত জবাব দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

২৯-০৭-২০২৬
শবনম শিরিন
উপ পরিচালক
ফোন : ০২-৪৮৩১৩৫৮২

জনাব মোঃ জাকির হোসেন (উপপরিচালক (চঃদাঃ))
উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০১.০৮.০০৭১.২৪.১৩২/১ (২)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯-০৭-২০২৬
শবনম শিরিন
উপ পরিচালক